

কারমাইকেল কলেজ ক্যাম্পাসে ডাকাতি ॥

দুইজন নৈশ প্রহরী আহত

রংপুর সংবাদদাতার তার :
গত রবিবার রাতে কারমাইকেল
কলেজ ক্যাম্পাসে অবস্থিত একটি
ডাকঘরে ভয়াবহ ডাকাতি সংঘটিত
হয়। ডাকাতদের অস্ত্রের আঘাতে

দুইজন নৈশ প্রহরী গুরুতর আহত
হয়।

কলেজের অধ্যক্ষ জানান, ১০/
১২ জনের একটি ডাকাত দল ডাক
ঘরের দরজা ভাঙার চেষ্টা করার
সময় কর্তব্যরত নৈশ প্রহরী
আওরুজ্জ্বেব ও আলাউদ্দিন চিং-
কার করিয়া লোকজনদের ডাকা-
ডাকি শুরু করে। এসময় ডাকাত-
দল তাহাদের ধরিয়া ধারানো
অস্ত্রদিয়া মাথায় আঘাত করে।
পরে ডাকাতদল চলিয়া যায়। গত
সোমবার ভোরে কয়েকজন ছাত্র
নৈশ প্রহরী দুইজনকে ডাকঘরের
সামনে হইতে আহত অবস্থায়
উদ্ধার করার পর রংপুর মেডি-
(৪র্থ পৃঃ হ্রঃ)

কারমাইকেল কলেজ

(৩য় পৃঃ পর)

ক্যান কলেজ হাসপাতালে প্রেরণ
করে। আহত আওরুজ্জ্বেবের
অবস্থা সংকটজনক।

কারমাইকেল কলেজ ক্যাম্পাসে
ইতিপূর্বেও কয়েকটি ডাকাতির
ঘটনা ঘটে। কলেজ কর্তৃপক্ষ
ক্যাম্পাসে একটি পুলিশ ফাঁড়ি
স্থাপন করার জন্য জেলা প্রশা-
সকের নিকট কয়েকবার আবেদন
করিয়াছেন। কিন্তু এ পর্যন্ত তাহা-
দের আবেদনে কোন সাড়া দেওয়া
হয় নাই। ক্যাম্পাসে ছাত্রীদের
একটি হোস্টেলও রহিয়াছে।

30